

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 20-11-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) টিলাজমিতে কৃষিফলন নিয়ে আজ থেকে আগরতলার প্রজ্ঞাভবনে দুদিনের আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে।
- (২) দেশব্যাপী পেনশনারদের ডিজিটাল লাইফ সার্টিফিকেট প্রক্রিয়ায় চতুর্থ পর্যায়ে প্রচারিভিযানের অঙ্গ হিসাবে আজ আগরতলায় কার্যালয়ে এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে আদিবাসী সম্প্রদায়ের উন্নয়ন এবং জাতির উন্নয়ন একে অপরের পরিপূরক।
- (৪) জনতা দল (ইউনাইটেড) প্রধান নীতিশ কুমার আজ সকালে বিহারের মুখ্যমন্ত্রী হিসেবে দশম বারের জন্য শপথ গ্রহণ করেন।

ICAR :

টিলাজমিতে কৃষিফলন নিয়ে আজ থেকে আগরতলার প্রজ্ঞাভবনে দুদিনের আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। সাতটি দেশের কৃষি বিজ্ঞানী, কৃষিকর্মকর্তা ও রাজ্যের ২৫০ জন কৃষক সম্মেলনে অংশ নিয়েছেন। উদ্বোধন করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। দি পারস্যুট ফর সাসটেইনেবল হিল ফার্মিং, ইনোভেশানস ফর প্রফিটাবিলিটি এন্ড ইকোলজিকেল ব্যালেন্স টু এনসিয়ার ফিউচার লাইভলিহুড-পাসেল ২০২৫ শীর্ষক এই সম্মেলনে বনমন্ত্রী বলেন, টিলা জমিতে চাষাবাদ উত্তর পূর্বাঞ্চলের একটি চিরচরিত প্রথা। কিন্তু জলবায়ু পরিবর্তনের কারণে এই চাষাবাদেও প্রভাব পড়ছে। উৎপাদিত কৃষিপণ্যের প্রকৃত স্বাদ গন্ধ ও খাদ্যগুণের পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। আবার বানিজ্যিকীকরণের জন্যও কৃষিপণ্যের গুণগত পরিবর্তন লক্ষ্য করা

যাচ্ছে। তিনি বলেন, কৃষিপন্যের প্রকৃত স্বাদ গন্ধ ও গুণমানতা বজায় রাখাই এখন কৃষিবিজ্ঞানীদের কাছে এক চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। তিনি বনসৃজনের উপর গুরুত্ব আরোপ করে বলেন চলতি বছরে সাড়ে ছয় লক্ষ গাছের চারা রোপন করা হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, আই সি এ আর-দিল্লির প্রাক্তন ডিডিজি ও জোরহাটের আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ কে এম বুজারবরুয়া, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডাঃ শ্যামল দাস, টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ আর কে সাহা। অনুষ্ঠানে কয়েকজন দিকপাল কৃষি গবেষক ও কৃষি বিজ্ঞানীকে সংবর্ধনা জানানো হয়।

CCA :

দেশব্যাপী পেনশনারদের ডিজিটাল লাইফ সার্টিফিকেট প্রক্রিয়ায় চতুর্থ পর্যায়ের প্রচারিভিযানের অঙ্গ হিসাবে আজ আগরতলা বিএসএনএল প্রধান কার্যালয়ে এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। কন্ট্রোলার অফ কমিউনিকেশন একাউন্টস (সি সি এ) নর্থ ইস্ট ওয়ান টেলিকম সার্কেলের উদ্যোগে ও বিএসএনএল এর সহযোগিতায় আয়োজিত এই সচেতনতামূলক শিবিরে জয়েন্ট কন্ট্রোলার অফ কমিউনিকেশন একাউন্টস অফিসার শুভ্রনীল দাস বলেন, জীবন প্রমান অ্যাপস ব্যবহার করে পেনশনাররা সহজে ডিজিটাল লাইফ সার্টিফিকেট জমা দিতে পারেন। এ বছর সারা দেশের ১৭১টি শহরে ৩২০টিরও ক্যাম্প আয়োজনের পরিকল্পনা নেওয়া হয়েছে। এর মধ্যে উত্তর-পূর্বাঞ্চলে মেঘালয় মনিপুর, ত্রিপুরা রয়েছে।

#####Byte-Subhranil Das#####

Cooperative Week :

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে ৭২তম অখিল ভারত সমবায় সপ্তাহ উপলক্ষ্যে ঊনকোটি ও উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক আলোচনাচক্রের উদ্বোধন করেন। আলোচনাচক্রের বিষয় ছিল "বিশ্বব্যাপী প্রতিযোগিতার জন্য উদ্ভাবনী সমবায় ব্যবসায়িক প্রতীক"। মন্ত্রী টিংকু রায় বলেন, গ্রামীণ অর্থনীতির সার্বিক বিকাশে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বক্তব্য রাখেন, বিধায়ক যাদবলাল নাথ, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপিনেত্রী অপর্ণা নাথ প্রমুখ। অনুষ্ঠানে প্রাথমিক কৃষি সমবায় সমিতিগুলির মধ্যে ই-প্যাক্স সার্টিফিকেট প্রদান করা হয়।

Pradhanmantri Vikshit Bharat Rojgar Yojana :

কর্মচারী ভবিষ্যনিধি সংস্থা, আগরতলা শাখার উদ্যোগে আজ আগরতলায় প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনা এবং কর্মচারী তালিকাভুক্তি প্রকল্প বিষয়ে মতবিনিময় সভার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের পরিসংখ্যান দপ্তরের মহানির্দেশক পি সঙ্গীত কুমার। তিনি বলেন, ৯৯ হাজার ৪৪৬ কোটি টাকার এই যোজনার উদ্দেশ্য হলো দেশে ২ বছরের মধ্যে সাড়ে তিন কোটির বেশি কর্মসংস্থান সৃষ্টি করা। বিকশিত ভারত ২০৪৭ প্রকল্পের স্বপ্ন বাস্তবায়িত করতে এই প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বক্তব্য রাখেন রাজ্য শ্রম ও কর্মসংস্থান দপ্তরের যুগ্ম অধিকর্তা বিনয় ভূষণ দাস, কর্মচারী ভবিষ্যনিধি সংস্থা, আগরতলা শাখার পি এফ কমিশনার লিও জোসেফ মারান্ডি।

Rail Death :

আগরতলা-শিলচরগামী ট্রেনের সঙ্গে একটি পণ্যবাহী বোলেবো গাড়ির সংঘর্ষে আজ তিনজনের মৃত্যু হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন, আমবাসা-মনু সেকশনের অন্তর্গত লংতরাইভ্যালী মহকুমার সিন্ধু কুমার পাড়া এলাকায় এই দুর্ঘটনা

ঘটে। তিনি জানান অননুমোদিত ক্রসিং এলাকা পার হওয়ার সময় বোলেবো গাড়িটিকে ট্রেনটি সজোরে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই গাড়ির চালকসহ তিনজনের মৃত্যু হয়। দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ও রেল কর্তৃপক্ষ ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কাজ শুরু করে। মৃতদেহগুলি ময়নাতদন্তের জন্য মনু হাসপাতালে পাঠানো হয়েছে।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে আদিবাসী সম্প্রদায়ের উন্নয়ন এবং জাতির উন্নয়ন একে অপরের পরিপূরক। আজ ছত্তিশগড়ের অশ্বিকাপুর শহরে জনজাতীয় গৌরব দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন যে আদিবাসী সম্প্রদায়ের অবদান ভারতের ইতিহাসে এক গৌরবোজ্জ্বল অধ্যায়। তিনি বলেন যে আদিবাসী সংস্কৃতি আমাদের ঐতিহ্য এবং পরিচয় এবং একে সংরক্ষণ করা আমাদের কর্তব্য।

#####Byte-President#####

অনুষ্ঠানে রাষ্ট্রপতি আদিবাসী সম্প্রদায়ের নেতাদের পাশাপাশি আদিবাসী বিদ্রোহের বীর এবং স্বাধীনতা সংগ্রামীদের পরিবারের সদস্যদের সম্মানিত করেন। তিনি জনজাতীয় গৌরব দিবস উদযাপনের অংশ হিসেবে আয়োজিত লোকনৃত্য প্রতিযোগিতার বিজয়ীদেরও সম্মানিত করেন। অনুষ্ঠানে ছত্তিশগড়ের রাজ্যপাল রমেন ডেকা, মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী দুর্গা দাস উইকে এবং আরও বেশ কয়েকজন জনপ্রতিনিধি উপস্থিত ছিলেন।

Bihar Oath taking :

জনতা দল (ইউনাইটেড) প্রধান নীতিশ কুমার আজ সকালে বিহারের মুখ্যমন্ত্রী হিসেবে দশম বারের জন্য শপথ গ্রহণ করেন। বিহারের রাজ্যপাল আরিফ মোহাম্মদ খান তাঁকে পদ ও গোপনীয়তার শপথ বাক্য পাঠ করান। পাটনার ঐতিহাসিক গান্ধী ময়দানে শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, জেপি নাড্ডা, চিরাগ পাসওয়ান এবং এনডিএ-র আরও বেশ কয়েকজন শীর্ষ নেতা উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী নীতিশ কুমার সহ মোট ২৭ জন মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন। সম্রাট চৌধুরী, বিজয় কুমার সিনহা, দিলীপ জয়সওয়াল, মঙ্গল পান্ডে, নীতিন নবীন এবং রাম কৃপাল যাদব সহ বিজেপি নেতারা নীতিশ কুমারের মন্ত্রিসভায় মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন। অন্যদিকে জেডি(ইউ)-এর লেশি সিং, শ্রবন কুমার, বিজেন্দ্র প্রসাদ যাদব, জামা খান এবং অশোক চৌধুরীও মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন। উল্লেখ্য, সম্প্রতি সমাপ্ত বিহার বিধানসভা নির্বাচনে, এনডিএ ২৪৩ সদস্যের বিধানসভার মধ্যে ২০২টি আসন জিতে নিরঙ্কুশ জয়লাভ করেছে। এনডিএ-তে, বিজেপি ৮৯টি আসনে, জেডি(ইউ) ৮৫টি আসনে, এলজেপি(আর) ১৯টিতে, হিন্দুস্তানি আওয়াম মোর্চা ৫টিতে এবং জাতীয় লোক মোর্চা ৪টি বিধানসভা আসনে জয়লাভ করেছে। বিরোধীদের মহাজোট নির্বাচনে মাত্র ৩৫টি আসন জিতেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহারের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের জন্য নীতিশ কুমারকে অভিনন্দন জানিয়েছেন। তিনি সামাজিক মাধ্যমে শ্রী কুমারকে একজন অভিজ্ঞ প্রশাসক হিসেবে উল্লেখ করে, তাঁর নতুন কার্যকালের জন্য সাফল্য কামনা করেছেন। তিনি উপ-মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য সম্রাট চৌধুরী এবং বিজয় কুমার সিনহাকে এবং বিহার সরকারের সকল নবনিযুক্ত মন্ত্রীদের অভিনন্দন ও শুভেচ্ছা জানান।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ বিহারের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণের জন্য নীতিশ কুমারকে এবং নবনির্বাচিত মন্ত্রীদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি আশা প্রকাশ করেছেন যে তাদের সম্মিলিত নেতৃত্ব রাজ্যের জন্য সুস্থায়ী প্রবৃদ্ধি, সুশাসন, অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন এবং সমৃদ্ধির একটি নতুন যুগের সূচনা করবে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বিহার মন্ত্রীসভার শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি মুখ্যমন্ত্রী নীতিশ কুমারকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও নীতিশ কুমারের গতিশীল নেতৃত্বে বিহারে সুশাসন এবং উন্নয়নের ক্ষেত্রে নতুন সাফল্য নিয়ে আসবে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত জানানো যাবে। এছাড়াও ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্ত লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

IFFI :

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান আজ গোয়ার পানাজিতে ভারতের ৫৬তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে, (আই.এফ.এফ.আই) ওয়েভস ফিল্ম বাজার ২০২৫-এর উদ্বোধন করেছেন। সৃজনশীল ও আর্থিক অংশীদারিত্বের জন্য চলচ্চিত্র নির্মাতা, প্রযোজক, বিক্রয় প্রতিনিধি, উৎসব প্রোগ্রামার এবং পরিবেশকদের জন্য একটি বৈশ্বিক মিলনস্থল হিসাবে কাজ করে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত, তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু, উৎসবের পরিচালক শেখর কাপুর, অভিনেতা নন্দমুরি বালাকৃষ্ণ, অনুপম খের, মনোজ যোশী এবং শ্রীলীলা এবং চলচ্চিত্র নির্মাতা রাকেশ ওম প্রকাশ মেহরা প্রমুখ।

Opp. Leader :

গণমুক্তি পরিষদ ২৩তম কৈলাশহর মহকুমা সন্মেলন আজ অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন প্রাক্তন বিধায়ক রাজেন্দ্র রিয়াং। বক্তব্য রাখেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন আইনমন্ত্রী তপন চক্রবর্তী, ADC'র প্রাক্তন মুখ্য কার্যনির্বাহী সদস্য রাধাচরণ দেববর্মা প্রমুখ। সন্মেলন থেকে ২৫ সদস্যের মহকুমা কমিটি গঠন করা হয়। সভাপতি পদে পাইচুকলিয়ানা হালাম ও সম্পাদক পদে মোহন দেববর্মা নির্বাচিত হয়েছেন।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.৫ ডিগ্রি সেলসিয়াস।
